গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
শাখা-৫
www.pwd.gov.bd

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২৪৩.৩৫.০০০১.২৩.২৮

**অফিস আদেশ**

ইজিপি সিস্টেমে এপিপি অনুমোদন এবং প্রধান প্রকৌশলী বা তদূর্ধ্ব পর্যায়ে অনুমোদনযোগ্য দরপত্রের মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের সময় গণপূর্ত অধিদপ্তরের সকল বিভাগ, সার্কেল এবং জোনকে ইজিপি -তে (আপলোড ডকুমেন্টস অংশে) নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে এপিপি এবং মূল্যায়ন প্রতিবেদনসহ সুপারিশ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**এপিপি প্রেরণ করার ক্ষেত্রে:**
১) দরপত্রের খসড়া নোটিশ
২) প্রশাসনিক অনুমোদনের চিঠি
৩) কারিগরি অনুমোদনের চিঠি
৪) অনুমোদিত ডিপিপি/আরডিপিপি (প্রযোজ্য ক্ষেত্রে)-র ক্রয় পরিকল্পনার কপি
৫) প্যাকেজ বিভাজন/একত্রিকরণ (প্রযোজ্য ক্ষেত্রে) -এর অনুমোদনের কপি
৬) অন্যান্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদি।

**দরপত্র অনুমোদনের ক্ষেত্রে:**
১) পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের কপি (সত্যায়িত)
২) বিপিপিএ এবং গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞাপনের কপি
৩) যাচাইকৃত লিকুইড এসেট/লাইন অফ ক্রেডিট এর কপি
৪) যাচাইকৃত Similar Experience Certificate
৫) ফ্রন্টলোডিং এর জন্য BOQ এর আইটেম ভিত্তিক উদ্ধৃত দর এবং প্রাক্কলিত দরের তুলনামূলক বিবরণী এবং ক্যালকুলেশন সীট।
৬) মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী [অগ্রহনযোগ্য দরদাতার অযোগ্যতার কারণসহ (যদি থাকে)]
৭) Post Qualification প্রক্রিয়ার প্রতিবেদন (সংযুক্ত ছক মোতাবেক)
৮) প্রত্যাশী সংস্থা কর্তৃক দরপত্র মূল্যায়ন প্রতিবেদনের সম্মতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
৯) মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক চাহিত কাগজপত্রসহ পূরণকৃত চেকলিস্ট
১০) অন্যান্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদি।

উল্লেখ্য, মূল্যায়ন কমিটি পিপিআর ২০২৫ এর বিধি ১১৮ (২৫) ও (২৬) অনুযায়ী Significantly Low-priced Tender (SLT) নির্ধারণের পূর্বে সকল দরদাতার দাখিলকৃত কাগজপত্র পৃথকভাবে এবং সমান গুরুত্বের সাথে পরীক্ষা করে Technical Responsiveness নির্ধারণ করবে। অর্থাৎ, বিধি ১১৮(২) অনুযায়ী মূল্যায়ন প্রক্রিয়ার প্রথম দুইটি ধাপ, যথা-১) Preliminary Examination এবং ২) Technical examination and responsiveness, মূল্যায়ন পর্যায়ে দরদাতার আর্থিক অবস্থান কোন ভাবেই বিবেচনায় আনবে না। কারণ একাধিক দরপত্র মূল্যায়ন প্রক্রিয়ায় SLT নির্ধারণ একটি আপেক্ষিক পদ্ধতি যেখানে কারিগরিভাবে গ্রহনযোগ্য প্রতিটি দরদাতারই প্রস্তাবিত মূল্যের প্রভাব থাকে। অর্থাৎ দাখিলকৃত প্রত্যেক দরদাতাই গুরুত্বপূর্ণ এবং সকল দরদাতার দাখিলকৃত কাগজ-পত্রাদি পুঙ্খানুপুঙ্খ যাচাই-বাছাই এর প্রয়োজনীয়তা রয়েছে।
দরপত্র মূল্যায়ন ও অনুমোদনের সময়সীমা সংক্রান্ত পিপিআর ২০২৫ এর বিধান নিম্নরুপ:

- বিধি ৪৮(৭) অনুযায়ী দরপত্র উন্মুক্ত করার সময় থেকে NOA জারির সময় পর্যন্ত বিভিন্ন পর্যায় যথা, দরপত্র মূল্যায়ন, অনুমোদন, ইত্যাদি প্রতিটি ক্ষেত্রে তফসিল-৬ -এ বর্ণিত সময়সীমা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।
- তফসিল-৬ -এ নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হলে ই-জিপি সিস্টেমে মূল্যায়ন বা অনুমোদন প্রক্রিয়া স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং সেক্ষেত্রে বিধি ৪৮(৮) অনুযায়ী পরবর্তি ধাপে অগ্রসর হওয়ার জন্য মন্ত্রণালয়ের সচিবের অনুমতি নিতে হবে।

এসকল জটিলতা পরিহারের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া যথাসম্ভব দ্রুততার সাথে তফসিল-৬ এ নির্ধারিত সময়ের অর্ধেক সময়ের মধ্যেই সম্পন্ন করে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে।

উপরের বিষয়গুলি বিবেচনায় নিয়ে দরপত্র সম্পর্কিত সকল কার্যক্রম সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Post Qualification Template

০৩-১২-২০২৫
আশেক আহমেদ শিবলী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৪৩.৩৫.০০০১.২৩.২৮/১ (৭)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।
২। প্রকল্প পরিচালক (সকল), গণপূর্ত অধিদপ্তর।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (অফিস আদেশটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। উপ-বিভাগীয় প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।
৭। অফিস কপি, ।

০৩-১২-২০২৫
আশেক আহমেদ শিবলী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)